

বৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি :

যে সকল শিক্ষার্থী এখনও বৃত্তির টাকা পায়নি তাদের জন্য নিম্নলিখিত বিষয়গুলো শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকগণকে লক্ষ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

- ৩০ জুন ২০২০ পর্যন্ত মোট ১,৫৯,৫২৬ জনের অর্থ প্রেরণ করা হয়েছে। মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, স্নাতক, মেডিকেল কলেজ, বিশ্ববিদ্যালয় ইত্যাদি মিলে মোট বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা হবে প্রায় ৭ লাখ। ফলে টাকা অনেকে টাকা পেয়েছেন, অনেকে পান নি।
- গত ৩০ জুন ২০১৯-২০ অর্থ বছরের বাজেটের মেয়াদ শেষ হয়ে গেছে এবং ২০২০-২১ অর্থ বছরের বাজেটের অর্থ ব্যয়ের অনুমতির জন্য আবেদন করা হয়েছে। নতুন অর্থ বছরের বাজেটের অর্থ ব্যয়ের অনুমতি পাওয়া গেলে বৃত্তিপ্রাপ্তদের অর্থ প্রেরণ শুরু হবে। আশা করা যাচ্ছে যে, আগামি সপ্তাহে বাজেট ব্যয়ের অনুমতি পাওয়া যাবে।
- হতাশ হওয়ার কোন কারণ নেই, মাউশি ও মাদ্রাসার বৃত্তিপ্রাপ্ত সকল শিক্ষার্থীর একাউন্টেই টাকা পৌঁছবে ইনশা আল্লাহ।
- প্রতিষ্ঠান প্রধানগণের প্রতি অনুরোধ, শিক্ষার্থীর সঠিক তথ্য MIS এ আছে কিনা তা নিশ্চিত করুন। যেমনঃ শিক্ষার্থীর পরীক্ষার আইডি, রেজিস্ট্রেশন নাম্বার, নাম, পিতার নাম, মাতার নাম, ব্যাংক হিসাবের সঠিক শিরোনাম বা হিসাবধারীর সঠিক নাম, ব্যাংক একাউন্ট নাম্বার সঠিক ও ১৩ থেকে ১৭ ডিজিটের মধ্যে থাকতে হবে, ব্যাংকের নাম ও শাখা বা ব্রাঞ্চ সঠিক থাকতে হবে ইত্যাদি। কোন আবশ্যিকীয় তথ্য বা ম্যান্ডেটরি তথ্যের মধ্যে ভুল থাকলে অর্থ প্রেরণ করা সম্ভব হবে না। অনুগ্রহ করে তথ্য পরীক্ষা-নিরীক্ষা করে সকল বৃত্তিপ্রাপ্তদের সঠিক তথ্য MIS এ প্রস্তুত রাখুন।
- বৃত্তির অর্থ প্রেরণে শিক্ষক, অভিভাবক, শিক্ষার্থী এবং সংশ্লিষ্ট সকলের সমন্বিত অংশগ্রহণের প্রয়োজন। আমরা সকলের আন্তরিক সহযোগিতা কামনা করছি।

অনুরোধক্রমে
প্রধান শিক্ষক
রংপুর জিলা স্কুল, রংপুর।